

প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা মেডিকেল হাসপাতালকে গুরুতর কোভিড রোগীদের চিকিৎসায় জরুরী চিকিৎসা সরঞ্জাম প্রদান করেছে আইসিডিডিআর,বি

ঢাকা, বাংলাদেশ, ১৯ মে ২০২১:

আজ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালকে আইসিডিডিআর,বি গুরুতর অসুস্থ কোভিড-১৯ রোগীদের চিকিৎসায় ব্যবহৃত জরুরী চিকিৎসা সরঞ্জাম এবং ঔষধ প্রদান করেছে। আইসিডিডিআর,বি এবং যুক্তরাষ্ট্রের কনরাড এন হিলটন ফাউন্ডেশনের মধ্যকার একটি মঞ্জুরী চুক্তির আওতায় ঢাকা শহরে সুবিধাবঞ্চিত মানুষকে চিকিৎসা সেবা প্রদান করছে এমন একটি হাসপাতালকে এই সহযোগিতা প্রদান করা হয়।

সহায়তা সামগ্রীর মধ্যে রয়েছে তিনটি হাই ফ্লো ন্যাজাল ক্যানুলা (এইচএফএনসি), ২০ টি এইচএফএনসি-সংশ্লিষ্ট উপকরণ, তিনটি পেশেন্ট মনিটর, ১৭০ ভায়াল ব্রড-স্পেকট্রাম অ্যান্টিবায়োটিক ওষুধ রেমডেসিভির এবং ১০০ ভায়াল অ্যান্টিকগুলেট ইনজেকশন, এসব কিছু প্রদানের উদ্দেশ্যে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের কোভিড-১৯ চিকিৎসা ব্যবস্থার সক্ষমতা বাড়ানো।

আইসিডিডিআর,বি-র হাসপাতালের প্রধান ডাঃ বাহারুল আলম ও ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নাজমুল হক ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে অনুষ্ঠিত এই চিকিৎসা সরঞ্জাম হস্তান্তর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

এই উপলক্ষ্যে ডাঃ বাহারুল আলম বলেন, “করোনাভাইরাস মহামারী শুধু বাংলাদেশে নয়, সারা বিশ্বে স্বাস্থ্যসেবা ব্যবস্থার ওপর বিশেষ চাপ সৃষ্টি করেছে। আমাদের সক্ষমতা বাড়িয়ে আরো বেশি রোগীর মানসম্মত চিকিৎসা সেবা প্রদান করার প্রয়াসে সহায়তা করার জন্য আমরা কনরাড এন হিলটন ফাউন্ডেশনকে ধন্যবাদ জানাই।”

তিনি আরও বলেন, “আইসিডিডিআর,বি ঢাকা হাসপাতাল যেসব রোগীর মাল্টিডিসিপিণ্ডনারি চিকিৎসা সেবা প্রয়োজন তাদেরকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করে থাকে। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল সবসময় আমাদের পাশে থাকে এবং এজন্য আমরা তাদের প্রতি বিশেষভাবে কৃতজ্ঞ।”

ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নাজমুল হক বলেন, “রোগীর সেবার ক্ষেত্রে আইসিডিডিআর,বি এবং ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের মধ্যে ঘনিষ্ঠ সহযোগিতামূলক সম্পর্ক রয়েছে। জীবন রক্ষাকারী সরঞ্জাম ও ঔষধ প্রদানের জন্য আমরা কনরাড এন হিলটন ফাউন্ডেশন এবং আইসিডিডিআর,বি-র প্রতি কৃতজ্ঞ। এতে অবশ্যই আমাদের চিকিৎসা ব্যবস্থা বহু গুণে শক্তিশালী হবে।”

এই অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের উপ-পরিচালক ডাঃ আলাউদ্দিন আল আজাদ ও ডাঃ মোঃ আশরাফুল আলম, সহকারী পরিচালক ডাঃ হালিমা সুলতানা হক ও ডাঃ আশরাফুল নাহার, সিনিয়র স্টোর অফিসার ডাঃ মোঃ সাদ উল্লাহ, এবং আইসিডিডিআর,বি-র সিনিয়র ম্যানেজার, হাসপাতাল শিহাব উদ্দিন।

#